স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

সহায়ক পাঠক্রম

(সাবসিডিয়ারি - ২)

বাংলা (দ্বিতীয় পত্র)

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) উদাহরণসহ দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান রীতির ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) 'মেঘনাদ বধ কাব্য'-এর ষষ্ঠ সর্গে বর্ণিত মেঘনাদের শৌর্যবীর্যের পরিচয় দিন।

(গ) 'সোনারতরী' কবিতাটির নামকরণের যাথার্থ্য বিচার করুন।

(ঘ) 'দারিদ্র্য' কবিতার মূল বক্তব্য সংক্ষেপে বুঝিয়ে দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) উদাহরণসহ সংজ্ঞা লিখুন (যে কোন **তিনটি**) : ৪ × ৩

দল, মাত্রা, যতি, পর্ব, চরণ।

(খ) উদাহরণসহ উৎপ্রেক্ষা অলংকারের শ্রেণিবিভাগগুলি নির্দেশ করুন।

(গ) ''কণ্টক গাড়ি কমল-সম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।''

— পদটি কার লেখা ? কোন বিষয়ের পদ ? ভাবসংক্ষেপসহ পদটির কাব্য মূল্যায়ন করুন।

১ + ১ + ১০

(ঘ) 'অরণ্যকাণ্ড'-এ শ্রীরামচন্দ্রের বিলাপ অংশটি আপনার নিজের ভাষায় বর্ণনা করুন।

(ঙ) আধুনিক কবিদের কিছু রচনায় রবীন্দ্র বিরোধিতার সুর স্পষ্ট। এই বিরোধিতার কারণ সম্পর্কে আপনার বক্তব্য সংক্ষেপে লিখুন।

(চ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'শতাব্দীর সূর্য আজি' কবিতাটি মনুষ্যত্বের অবমাননার দ্বারা ধিকৃত — আলোচনা করুন।

(ছ) 'বনলতা সেন' কবিতাটি বাংলা সাহিত্যে নিঃসন্দেহে অমর সৃষ্টি — আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) বর্ণ ও ধ্বনির পার্থক্য বুঝিয়ে দিন। ৬

(খ) একটি উদাহরণের সাহায্যে উপমা অলংকারের চারটি অঙ্গ স্পষ্ট করুন। ৬

(গ) ব্রজবুলি ভাষার পরিচয় দিন। ৬

(ঘ) শব্দার্থ লিখুন (যে কোন **ছ'টি**) : ১ × ৬
ঐছন, পাসরিতে, ভেল, ওর, পাহুন, অথির, তাতল, অমিয়, চীরহি, পরমান। ৬

(ঙ) ''রাম ধ্যান রাম প্রাণ শ্রীরাম দেবতা।
রাম বিনা অন্য জনে নাহি জানে সীতা।''
— এই অংশে সীতার স্বামীভক্তির নিষ্ঠা প্রকাশ পেয়েছে আলোচনা করুন। ৬

(চ) ''পশিল কৌশলে কলি নলের শরীরে'' — উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ৬

(ছ) ''নাহি কাজ সীতায় উদ্ধারি'' — কথাটি কে বলেছেন ? কেন বলেছেন ? বক্তা সম্পর্কে আপনার ধারণা সংক্ষেপে লিখুন। ১ + ২ + ৩

(জ) 'পরিচয়' পত্রিকার আবহাওয়ায় লালিত তিনজন কবির নাম উল্লেখ করুন। ৬